ফাতওয়া নাম্বার: ৫৬১ প্রকাশকাল: ১৩-০৬-২০২৫ ইং

কুরআন তিলাওয়াতের জন্য করা তায়াম্মুম দিয়ে কি নামায পড়া যায়?

প্রশ্ন:

অসুস্থতার কারণে আমার দাদাকে একবার ডাক্তারের পক্ষ থেকে পানি ব্যবহার করতে নিষেধ করা হয়। তখন তিনি তায়াম্মুম করে নামায পড়তেন এবং কুরআন তিলাওয়াত করতেন। অনেক সময় কুরআন তিলাওয়াতের জন্য করা তায়াম্মুম দিয়ে তিনি নামাযও পড়তেন। কিছুদিন আগে একজন তালেবুল ইলম থেকে শুনলাম, সে বললো, কুরআন তিলাওয়াত করা কিংবা কুরআন স্পর্শ করার জন্য করা তায়াম্মুম দিয়ে নামায পড়া যায় না। নামায পড়ার জন্য পুনরায় তায়াম্মুম করতে হয়। তার এ কথা কি সঠিক?

-আব্দুল হাদী

উত্তর:

بسم الله الرحمن الرحيم

حامدا ومصليا ومسلما، أما بعد!

হাঁ, ওই তালেবুল ইলম ঠিক বলেছে। যে তায়াম্মুম শুধু কুরআন তিলাওয়াত করা কিংবা কুরআন স্পর্শ করার নিয়তে করা হয়েছে, তা দিয়ে নামায পড়া যাবে না। কারণ তায়াম্মুম দ্বারা নামায সহীহ হওয়ার জন্য এমন ইবাদাতে মাকসুদার নিয়তে তায়াম্মুম করা জরুরি, যা পবিত্রতা ব্যতীত জায়েয নয়। যেমন নামায, জানাযা, তিলাওয়াতের সাজদা ইত্যাদি। পক্ষান্তরে এমন ইবাদতে মাকসুদার নিয়তে তায়াম্মুম করলে তা দ্বারা সকল ইবাদত করা যায়।

-হিদায়া: ১/২৮ (দারু ইহইয়ায়িত তুরাসিল আরাবি); ফাতহুল কাদীর: ১/১৩০, (দারুল ফিকর); আল বাহরুর রায়েক: ১/২৬১-২৬৪, (যাকারিয়া); রদ্দুল মুহতার: ১/২৪৫ ও ২৪৭, (দারুল ফিকর)

فقط، والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৯-১১-১৪৪৬ হি.

২৮-০৫-২০২৫ ঈ.